

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৬৩৯

কুমারঘাট, ২০, জানুয়ারি, ২০২৪

**কুমারঘাট মহকুমা ভিত্তিক ৪৬ তম ককবরক সাল উদযাপিত**

বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে গতকাল কুমারঘাট মহকুমা ভিত্তিক ৪৬ তম ককবরক সাল উদযাপন ও জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে কুমারঘাট লক্ষ্মীনারায়ণ মন্দিরের সামনে থেকে বিভিন্ন জনজাতি জনগোষ্ঠীর চিরাচরিত পোষাক পরিহিত একটি সুসজ্জিত শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে মানসী মিলনায়তনে মূল অনুষ্ঠানে মিলিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কুমারঘাট বিএসি'র চেয়ারম্যান তপনজয় রিয়াথ। তিনি বলেন, প্রতিটি জাতি গোষ্ঠীর পরিচয় তার ভাষা ও সংস্কৃতি। ককবরক সহ জনজাতিদের অন্যান্য ভাষার উন্নয়নে হাতে হাতে কাজ করার জন্যও তিনি সকলের প্রতি আহ্বান জানান। বিশিষ্ট বক্তার ভাষণে ধনসিং চৌধুরী স্মৃতি ইংরেজি মাধ্যমে দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের অধ্যক্ষ তরুণ দেববর্মা দিনটির তাৎপর্য ব্যাখ্যা করে আলোচনা করেন। এছাড়া বক্তব্য রাখেন পৈঁচারথল বিদ্যালয় পরিদর্শক চমচম দেওয়ান। স্বাগত বক্তব্য রাখেন মহকুমা কল্যাণ আধিকারিক বিধান দেবনাথ। সভাপতিত্ব করেন কুমারঘাট মহকুমা ভিত্তিক বোর্ডিং হাউস কমিটির চেয়ারম্যান পূর্ণমোহন দেববর্মা। জনজাতি লোকনৃত্য প্রতিযোগিতায় মহকুমার দু'টি বিজু নৃত্য দল, হজাগিরি ও মামিতা নৃত্যের দল অংশ গ্রহণ করে। উদ্বোধনী সংগীত পরিবেশন করেন দার্লং জনজাতির শিল্পীরা। লোকনৃত্য প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থানাধিকারি রামগুনার হজাগিরি ও পৈঁচারথলের বিজু নৃত্যের দল জেলা স্তরের প্রতিযোগিতায় অংশ নেবে।

\*\*\*\*\*